

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-১ শাখা।
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.১৭০.১১.০৪৩.১৬- ৫২


তারিখঃ ১১ ফাল্গুন, ১৪২৩
২৬ ফেব্রুয়ারি, ২০১৭

বিষয়ঃ ৩৫তম বিসিএস পরীক্ষায় কারিগরি ও পেশাগত ক্যাডারে অপূরণকৃত ৩৩৮টি সংরক্ষিত পদ এবং ৩৬তম বিসিএস এর ২১৮০টি শূন্য পদ ৩৬তম বিসিএস পরীক্ষার মাধ্যমে পূরণের জন্য পদ সংরক্ষণ সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬ ফেব্রুয়ারি, ২০১০ তারিখের স্মারকের শর্ত এককালীন শিথিলকরণ।

উপর্যুক্ত বিষয়ে সরকার কোটা সংরক্ষণ সংক্রান্তে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬/০২/২০১০খ্রিঃ তারিখের ০৫.১৭০.০২২.০৭.০১.০২০.২০১০-৫৯ নং স্মারকের নির্দেশনা এককালীন শিথিলপূর্বক নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেঃ

(ক) ৩৫তম বিসিএস পরীক্ষায় কারিগরি ও পেশাগত ক্যাডারে অপূরণকৃত ৩৩৮টি সংরক্ষিত পদ ৩৬তম বিসিএস পরীক্ষার মাধ্যমে পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬ ফেব্রুয়ারি, ২০১০ তারিখের মুক্তিযোদ্ধা কোটা সংরক্ষণ সংক্রান্ত স্মারকের নির্দেশনা শিথিল করিয়া ঐ পদসমূহ জাতীয় মেধা তালিকার শীর্ষে অবস্থানকারী প্রার্থীদের দ্বারা পূরণ করা হইবে।

(খ) ৩৬তম বিসিএস পরীক্ষায় কারিগরি ও পেশাগত ক্যাডারে মুক্তিযোদ্ধা কোটার কোনো যোগ্য প্রার্থী পাওয়া না গেলে অপূরণকৃত পদসমূহ একইভাবে উল্লিখিত স্মারকের নির্দেশনা শিথিলক্রমে পূরণ করা হইবে।


(ড. মো: মোজাম্মেল হক খান)
সিনিয়র সচিব
১০.২.১৭

বিতরণঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব/ সচিব

.....সকল মন্ত্রণালয়/ বিভাগ।

- ৪। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৫। মহা-হিসাব নিরীক্ষা ও নিয়ন্ত্রক, সিএন্ডএজি'র কার্যালয়, ৪৩ নং কাকরাইল সড়ক, ঢাকা।
- ৬। অতিরিক্ত সচিব (এপিডি), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
- ৮। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।

[পরবর্তী গেজেটে প্রকাশের জন্য এবং গেজেটের ৩০০(তিনশত) কপি প্রেরণের অনুরোধসহ]

- ৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।